Times Today BD

নূর আলম | বরিশাল | 15 May, 2025

ঝালকাঠির রাজাপুরে ঋণের টাকা আদায়ের নামে এক নারীর দুধেল গাভী নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতার বিরুদ্ধে।গাভী হারিয়ে মায়ের দুধ না পেয়ে অসুস্থ হয়ে পড়ে এক মাস বয়সী বাছুর।বাছুরটিকে কোলে নিয়ে বৃহস্পতিবার (১৫মে) ঝালকাঠি আদালতের দ্বারস্থ হন ভুক্তভোগী নারী।ভুক্তভোগী নারীর নাম নারগিস আক্তার।তিনি রাজাপুর উপজেলার শুক্তাগড় ইউনিয়নের বাসিন্দা।

স্থানীয় সূত্রে জানা যায়, নারগিসের স্বামী আবু বকর একজন আওয়ামী লীগ নেতা এবং গত বছরের আগস্ট মাস থেকে তিনি নিখোঁজ রয়েছেন। স্বামীর অনুপস্থিতিতে সংসার চালাতে নারগিস গার্মেন্টসে কাজ শুরু করেন এবং সঞ্চিত অর্থে সম্প্রতি একটি দুধেল গাভী কেনেন। গাভীর একটি এক মাস বয়সী বাছুরও রয়েছে।

নারগিসের অভিযোগ, বিএনপির স্থানীয় ওয়ার্ড সাধারণ সম্পাদক মো. বেলাল খান তার স্বামীর কাছে ২০ হাজার টাকা পাওনার কথা বলে বুধবার (১৪ মে) সকালে গাভীটি জোরপূর্বক নিয়ে যান।গাভী ছাড়া বাছুরটি অসুস্থ হয়ে পড়ে।পরে কোলে করে বাছুর নিয়ে আদালতের আশ্রয় নেন নারগিস।আদালত চত্বরে বসে নারগিসকে বোতলে করে বাছুরকে দুধ খাওয়াতেও দেখা যায়।

অভিযুক্ত বেলাল খান বলেন, “৯ বছর আগে ‘একটি বাড়ি একটি খামার’ প্রকল্পের মাধ্যমে আবু বকরকে ২০ হাজার টাকা ঋণ দিয়েছিলাম। সুদে-আসলে এখন তা ৩০ হাজার টাকা হয়েছে।টাকা না পাওয়ায় গাভীটি নিয়ে গেছি।”

এ বিষয়ে এখনো আদালতে কোনো মামলা হয়নি। তবে স্থানীয়দের হস্তক্ষেপে পরিস্থিতি সাময়িকভাবে নিয়ন্ত্রণে আসে। পরে নারগিসকে গাভী ও বাছুর পুনরায় একত্র করার জন্য বেলাল খানের বাড়িতে পাঠানো হয়।

স্থানীয়রা জানান, এ ঘটনায় মানবিকতা ও আইনের প্রয়োগ দুটিই প্রশ্নবিদ্ধ হয়েছে।নারীটি যেন প্রকৃত বিচার পান, সে দাবি জানান সচেতন মহল।

বিএনপি আদালত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:05

URL: https://www.timestodaybd.com/public/barishal/2528128128